



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান সমূহের গভর্ণিং বডি (সংশোধিত) সংবিধি ২০১৫

যেহেতু জাতীয় বিশ্ববিদ্যালয় (অধিভুক্ত কলেজসমূহের গভর্ণিং বডি) সংবিধি ১৯৯৩ এবং জাতীয় বিশ্ববিদ্যালয় (অধিভুক্ত কলেজসমূহের গভর্ণিং বডি) সংবিধি অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজন সেহেতু জাতীয় বিশ্ববিদ্যালয় আইন ১৯৯২ (১৯৯২ সালের ৩৭ নম্বর আইন) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা নিম্নরূপ সংবিধি প্রণয়ন করা হইল;

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ :

(ক) এই সংবিধি “ জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গভর্ণিং বডি (সংশোধিত) সংবিধি ২০১৫” নামে অভিহিত হইবে;

(খ) ইহা অবিলম্বে কার্যকরী হইবে।

২। সংজ্ঞা : বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই সংবিধিতে

(ক) “আইন” অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৩৭ নং আইন)।

(খ) “অধিভুক্ত কলেজ” অর্থ আইন, সংবিধি ও বিশ্ববিদ্যালয় রেগুলেশন এর বিধান অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত ও অধিভুক্ত স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সকল কলেজ /শিক্ষা প্রতিষ্ঠান;

(গ) “সংবিধি” ও “ রেগুলেশন” অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয় এর সংবিধি ও রেগুলেশন;

(ঘ) “অধ্যক্ষ” অর্থ অধিভুক্ত কলেজের অধ্যক্ষ;

(ঙ) “কলেজ” অর্থ অধিভুক্ত কলেজ;

(চ) “বিশ্ববিদ্যালয়” অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়;

(ছ) “শিক্ষক” অর্থ কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক অথবা এমন কোন ব্যক্তি যিনি কলেজে শিক্ষাদানের জন্য নিয়োগপ্রাপ্ত হইয়াছেন। (কলেজের নির্ধারিত যোগ্যতাসম্পন্ন গ্রন্থাগারিক, প্রদর্শক ও শরীরচর্চা শিক্ষক কলেজের শিক্ষক হিসাবে গণ্য হইবেন ;)

(জ) “ভাইস-চ্যান্সেলর” অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর;

(ঝ) “বিধিসম্মত অভিভাবক” অর্থ ছাত্র/ছাত্রীর পিতা বা মাতা;

তবে শর্ত থাকে যে, পিতা-মাতা জীবিত না থাকিলে অভিভাবকত্ব আইনের বিধান অনুসারে অন্য কোন ব্যক্তি বিধিসম্মত অভিভাবক বলিয়া গণ্য হইবেন।

আরও শর্ত থাকে যে, কোন বিবাহিতা মহিলার স্বামী তাঁহার বিধিসম্মত অভিভাবক বলিয়া গণ্য হইবেন যদি তিনি নিজে একই প্রতিষ্ঠানের ছাত্র না হন।

(ঞ) “সিডিকেট” অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয় সিডিকেট;

(ট) “প্রতিষ্ঠাতা” অর্থ বেসরকারী কলেজ প্রতিষ্ঠার ব্যাপারে ট্রাস্ট দলিলসহ অন্যান্য প্রাসংগিক দলিলপত্রে প্রতিষ্ঠাতা বলিয়া উল্লিখিত ব্যক্তি বা ব্যক্তিবর্গ;

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি বা আইন অনুযায়ী প্রতিষ্ঠিত কোন সংস্থা ন্যূনপক্ষে যথাক্রমে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা অথবা সমমূল্যের সম্পত্তি কলেজ প্রতিষ্ঠার সময় প্রদান করিলে এবং তাহা প্রতিষ্ঠাকালীন সাংগঠনিক কমিটি কর্তৃক স্বীকৃত হইলে প্রতিষ্ঠাতা সদস্য বলিয়া গণ্য হইবেন। এইরূপ প্রতিষ্ঠাতা সদস্য মৃত্যুমুখে পতিত হইলে তাঁহার উত্তরাধিকারীদের মধ্য হইতে তাহাদের মনোনীত একজন ব্যক্তি প্রতিষ্ঠাতা সদস্য বলিয়া গণ্য হইবেন।

(ঠ) “দাতা” অর্থ যাহারা ন্যূনপক্ষে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বা তদুর্ধ্ব অথবা সমমূল্যের সম্পদ কোন বেসরকারী কলেজকে এককালীন দান করিবেন। দাতাগণ দাতা প্রতিনিধি নির্বাচনে আজীবন অংশগ্রহণ করিতে পারিবেন। তবে তাহাদের কোন উত্তরাধিকারীর এই অধিকার থাকিবে না;

(ড) “হিতৈষী” অর্থ যাহারা কলেজের অনুকূলে বার্ষিক ন্যূনপক্ষে ২৫,০০০/- (পাঁচশ হাজার) টাকা দান করিবেন। অনুরূপ হিতৈষীবৃন্দ যেই বৎসর অর্থ দান করিবেন সেই বৎসরে পরিচালিত নির্বাচনে অংশগ্রহণ

